

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৯৮

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৬৭. কোন ব্যক্তি কারো গবাদি পশু বা ফলের বাগান অতিক্রম করাকালে তা থেকে কিছু (দুধ বা ফল) নিতে পারবে কিনা?

بَابِ مَنْ مَرَّ عَلَى مَاشِيَةِ قَوْمِ أَوْ حَائِطٍ هَلْ يُصِيبُ مِنْهُ

### আরবী

حَدَّقَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّقَنَا شَبَابَةُ بْنُ سَوَّارٍ، ح وَحَدَّقَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، وَمُحَمَّدُ بْنُ الْوَلِيدِ، قَالاَ حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّقَنَا شُعْبَةُ، عَنْ أَبِي بِشْرٍ، جَعْفَرِ بْنِ إِيَاسٍ قَالَ سَمِعْتُ عَبَّادَ بْنَ شُرُحْبِيلَ، \_ رَجُلاً مِنْ بَنِي غُبُرَ \_ قَالَ أَصَابَنَا عَامُ مَخْمَصَةٍ فَأَتَيْتُ الْمَدِينَةَ فَأَتَيْتُ عَبَّادَ بْنَ شُرُحْبِيلَ، \_ رَجُلاً مِنْ بَنِي غُبَرَ \_ قَالَ أَصَابَنَا عَامُ مَخْمَصَةٍ فَأَتَيْتُ الْمَدِينَةَ فَأَتَيْتُ حَائِطًا مِنْ حِيطَانِهَا فَأَخَذْتُ سُنْبُلاً فَفَرَكْتُهُ وَأَكَلْتُهُ وَجَعَلْتُهُ فِي كِسَائِي الْمَدِينَةَ فَأَتَيْتُ صَاحِبُ الْحَائِطِ فَصَرَبَنِي وَأَخَذَ تَوْبِي فَأَتَيْتُ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ فَحَاءَ صَاحِبُ الْدَائِطِ فَصَرَبَنِي وَأَخَذَ تَوْبِي فَأَتَيْتُ النَّبِيَّ \_ صلى الله عليه وسلم \_ فَرَدَّ إِلَيْهِ تَوْبَهُ وَأَمَرَ لَهُ بِوَسْقٍ مِنْ طَعَامٍ أَوْ نِصْفِ فَأُمْرَهُ النَّبِيُّ \_ صلى الله عليه وسلم \_ فَرَدَّ إِلَيْهِ تَوْبَهُ وَأَمَرَ لَهُ بِوَسْقٍ مِنْ طَعَامٍ أَوْ نِصْف وَسُقً .

#### বাংলা

১/২২৯৮। আবৃ বিশর জাফর ইবনে আবৃ ইয়াস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি গুবার গোত্রের আববাদ ইবনে গুরাহবীল (রাঃ) কে বলতে শুনেছিঃ এক বছর আমাদের এলাকায় দুর্ভিক্ষ দেখা দিলে আমি মদীনায় চলে এলাম। আমি মদীনার কোন এক ফলের বাগানে পৌঁছে এক ছড়া শস্যবীজ নিয়ে তা থেকে ছিঁড়ে কিছু আহার করলাম এবং কিছু আমার চাদরে বেঁধে নিলাম। বাগানের মালিক এসে আমাকে মারধর করলো এবং আমার চাদরখানা কেডে নিলো।

আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বিষয়টি তাঁকে অবহিত করলাম। তিনি মালিককে বলেনঃ সে তো দুর্ভিক্ষপীড়িত ছিল, কেন তুমি তাকে আহার করাওনি? আর সে তো ছিল মূর্খ, কেন তুমি তাকে শিখাওনি? অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাগানের মালিককে তার চাদর ফেরতদানের নির্দেশ দিলে সে তা ফেরত দেয় এবং তিনি তাকে এক ওয়াসাক বা অর্ধ ওয়াসাক খাদ্যদ্রব্য প্রদানেরও নির্দেশ দেন।



## **English**

It was narrated that Abu Bishr Ja'far bin Abu Jyas said:

"I heard 'Abbad bin Shurahbil, a man from Banu Ghubar, say: 'We suffered a year of famine, and I came to Al-Madinah. I came to one of its gardens and took an ear of corn, I rubbed it, ate some and put the rest in my garment. The owner of the garden came and beat me and took my garment. I came to the Prophet () and told him (what had happened). He said to the man: "You did not feed him when he was hungry and you did not teach him when he was ignorant." Then the Prophet () told him to give back his garment and ordered that a Wasq or half a Wasq of food be brought to him."

## ফুটনোট

আবু দাউদ ২৬২০, আহমাদ ১৭০৬৭, সহীহাহ ২২২৯।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বিশর (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন